

রুরাল পাওয়ার কোম্পানী লিঃ
বাড়ী#১৯, রোড #১/বি
সেক্টর#০৯, উত্তরা, ঢাকা।

বিষয়ঃ আরপিসিএল এর ইনোভেশন টিমের ফেব্রুয়ারি, ২০১৮ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

বিজ্ঞাখস মন্ত্রনালয়ের বিদ্যুৎ বিভাগের নির্দেশনা এবং মন্ত্রীপরিষদ বিভাগের প্রজ্ঞাপন (০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮) অনুযায়ী রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর ইনোভেশন টিমের ফেব্রুয়ারি, ২০১৮ মাসের মাসিক সভা ১২/০২/২০১৮ ইং তারিখ রোজ সোমবার সকাল ১১.৩০ ঘটিকায় কোম্পানীর সদর দপ্তরের বোর্ড রুমে ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক (প্রকৌশল) জনাব মোঃ সেলিম ভূঁইয়া এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় আরপিসিএল এর ইনোভেশন টিমের সদস্যগণ উপস্থিত ছিলেন(উপস্থিতির তালিকা সংযুক্ত)। এছাড়াও উক্ত সভায় আরপিসিএল এর ৩টি বিদ্যুৎ কেন্দ্রের (ময়মনসিংহ, গাজীপুর, রাউজান) ইনোভেশন টিমের সদস্যগণ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অংশগ্রহন করেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়াদির উপর আলোকপাত করা হয় :

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতির উপর আলোচনা	সভায় বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করা হয় এবং উক্ত প্রতিবেদনের উপরে বিস্তারিত আলোচনা করা হয়।	প্রতি মাসের মাসিক সভায় বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন নিয়মিত আলোচনা করার বিষয়টি অব্যাহত রাখার ব্যাপারে এবং প্রতিমাসে নিয়মিত মন্ত্রনালয়ের ইনোভেশন টিমের নিকট প্রেরণ অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী ব্যবস্থাপক (আইসিটি)
২	ইনোভেশন টিম পুনঃগঠন	সভায় সকল ইনোভেশন টিম মন্ত্রীপরিষদ বিভাগের প্রজ্ঞাপন মোতাবেক হালনাগাদ রাখার বিষয়ে আলোচনা হয়।	মন্ত্রীপরিষদ বিভাগের প্রজ্ঞাপন মোতাবেক কোন কর্মকর্তার বদলিজনিত বা অন্য যেকোনো যৌক্তিক কারণে ইনোভেশন টিম পুনঃগঠন করে হালনাগাদ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সদর দপ্তর/ সকল বিদ্যুৎ কেন্দ্র
৩	ভার্চুয়াল লাইব্রেরী বিষয়ে আলোচনা	কতজন ইউজার ভার্চুয়াল লাইব্রেরী ব্যবহার করছে তার পরিসংখ্যান ও ইউজার ফিডব্যাক গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়।	ভার্চুয়াল লাইব্রেরীতে ফাইল আপলোড, পরিচালনা ও ব্যবহার সংক্রান্ত একটি নীতিমালা তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী ব্যবস্থাপক (আইসিটি)
৪	প্রাপ্ত ইনোভেশন আইডিয়াসমূহ নিয়ে আলোচনা	সদর দপ্তর ও বিভিন্ন পাওয়ার প্ল্যান্ট থেকে ১০টি আইডিয়া পাওয়া যায়। প্রাপ্ত ১০টি ইনোভেশন আইডিয়ার প্রেজেন্টেশনের ব্যবস্থা করতে হবে।	সভায় প্রাপ্ত ইনোভেশন আইডিয়াসমূহ হতে গ্রহনযোগ্য আইডিয়া বাছাই করার জন্য একটি প্রেজেন্টেশন আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী ব্যবস্থাপক (আইসিটি)

(Handwritten signature)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৫	SIP নিয়ে আলোচনা	আরপিসিএল এর APA তে SIP(Small Improvement Project) এর লক্ষ্যমাত্রা ২৫ টি । এ লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে প্রতিটি বিদ্যুৎ কেন্দ্র থেকে ৮টি করে SIP গ্রহণ করার জন্য আহ্বান জানানো হয়।	SIP লক্ষ্যমাত্রা পূরণের জন্য আরপিসিএল এর আওতাধীন ৩টি বিদ্যুৎ কেন্দ্র ও সদর দপ্তর এই মোট ৪টি অফিসের প্রত্যেকটিকে কমপক্ষে ০৮ টি করে SIP আগামী জুন ,২০১৮ মাসের মধ্যে বাস্তবায়ন করতে হবে।	সকল ইনোভেশন অফিসার

এছাড়াও সভাপতি কর্মক্ষেত্রে সেবা সহজীকরণ ও ইনোভেশন বিষয়ে সকলকে অবগত করার জন্য ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দকে আহ্বান জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সেলিম ভূঁইয়া)

ইনোভেশন অফিসার

ও

নির্বাহী পরিচালক (প্রকৌশল)

রুরাল পাওয়ার কোম্পানী লিঃ।

স্মারক নংঃ-২৭.২৬.০০০০.০০৩.০৯.০০৭.১৩. ২৬

তারিখঃ ১২/০২/২০১৮ ইং

সংযুক্তি :

১. আরপিসিএল এর ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনার ফেরফ্যারি, ২০১৭ মাসের অগ্রগতির প্রতিবেদন।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :

১. সচিব (সংস্কার ও সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, ঢাকা।
৩. উপ-সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ, বিজ্ঞাখস মন্ত্রনালয়, ঢাকা।
৪. ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ, আরপিসিএল, ঢাকা।
৫. প্ল্যান্ট ইনচার্জ, এমপিএস/জিপিপি/ আরপিপি, ময়মনসিংহ/ গাজীপুর/ চট্টগ্রাম।
৬. অফিস কপি।

বিতরণ (সদয় কার্যার্থে) :

১. সকল ইনোভেশন অফিসার, আরপিসিএল, ঢাকা। (আলোচ্যসূচী-৫ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
২. প্ল্যান্ট ইনচার্জ, এমপিএস/জিপিপি/ আরপিপি, ময়মনসিংহ/ গাজীপুর/ চট্টগ্রাম। (আলোচ্যসূচী-২ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
৩. সহকারী ব্যবস্থাপক (আইসিটি), আরপিসিএল, ঢাকা। (আলোচ্যসূচী-১, ৩ ও ৪ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, কার্যবিবরণীটি আরপিসিএল ওয়েবসাইটে আপলোড এবং বিদ্যুৎ বিভাগের সংশ্লিষ্ট প্রোগ্রামারের ই-মেইলে প্রণয়নের ব্যবস্থা নিবেন)

